The Bangladesh Monitor - A Premier Travel Publication

# বৈষম্য ও অনিয়ম দূরীকরণে আটাবের ৯ দফা দাবি

- A Monitor Desk Report | Date: 19 October, 2024




**ঢাকাঃ সময়ের সাথে সাথে ট্রাভেল এজেন্সি ব্যবসার কাঠামো ও পরিধি সম্প্রসারিত হওয়ার প্রেক্ষাপটে এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব) ৯ দফা দাবিনামা পেশ করেছে।**

এতে উদ্ভূত বিভিন্ন সমস্যা, প্রতিকূলতা, বৈষম্য এবং নানা অনিয়ম দূর করার জন্য দাবি জানানো হয়েছে। আটাবের নেতৃবৃন্দ জানান, বর্তমান পরিস্থিতিতে এসব সমস্যা সমাধান করা না হলে এই শিল্পের উন্নয়ন বাধাগ্রস্ত হবে।

তারা সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন যাতে দ্রুত তাদের দাবিগুলো বিবেচনা করা হয় এবং একটি সুষ্ঠু ও কার্যকর পরিবেশ নিশ্চিত করা হয়।

আজ শনিবার (১৯ অক্টোবর) রাজধানীর একটি হোটেলে মিডিয়া ব্রিফিং-এ বক্তব্য তুলে ধরেন আটাব সভাপতি আবদুস সালাম আরেফ।

**ব্রিফিং-এ অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন**
আটাব মহাসচিব আফসিয়া জান্নাত সালেহ, সহ-সভাপতি মুস্তাফিজুর রহমান হিরো, যুগ্ম মহাসচিব আতিকুর রহমান, উপ মহাসচিব তোয়াহা চৌধুরী, অর্থ সচিব মোঃসফিকউল্যাহ নান্টু ,আটাব কার্যনির্বাহী পরিষদ ও ঢাকা আঞ্চলিক পরিষদ এর সদস্যবৃন্দ, ও আটাবের প্রবীণ ও নবীন নেতৃবৃন্দ।

**৯ দফা দাবীসমূহের মধ্যে রয়েছে :**

১. অনলাইন ট্রাভেল এজেন্সি (ওটিএ) ব্যবসা পরিচালনার যথাযথ নীতিমালা প্রণয়ন।
২. এয়ার টিকেটের মজুতদারী ও সিন্ডিকেট বন্ধ করে গ্রুপ টিকেটিং এর নীতিমালা / নির্দেশনাপ্রদান।
৩. টিকেটের গায়ে এজেন্সির নাম, যোগাযোগের ফোন নম্বর, টিকেটের মূল্য উল্লেখ বাধ্যতামূলক করণ।

৪. বিদেশী ওয়েবসাইট/এপিআই গুলো যাতে বাংলাদেশে অবৈধভাবে ব্যবসা পরিচালনা করতে না পারে সেজন্য বিদেশী Website/API ব্লক ও জরুরীভাবে অর্থ পাচার বন্ধকরণ।

৫. তৃতীয় দেশ (যাত্রা ও গন্তব্যের দেশ ব্যতীত অন্য কেন দেশ যেমনঃ- ভারত, দুবাই, সিঙ্গাপুর) থেকে বিক্রয়কৃত টিকেটের যাত্রী বাংলাদেশ বিমান বন্দরে অনবোর্ড বন্ধকরণ।এর ফলে তৃতীয় দেশ হতেটিকেট বিক্রয় ও অর্থ পাচার বন্ধ হবে।

৬. এয়ার টিকেট বিক্রয়ের নামে শতশত কোটি টাকা অগ্রিম অর্থ সংগ্রহের বিপরীতে ইনসেনটিভ প্রদান বন্ধ করতে দ্রুত পদক্ষেপগ্রহণ।

৭. এ বিষয়ে সম্ভাব্য অরাজকতা ও জনস্বার্থহানি প্রতিরোধ করতে ও ট্রেডে বৈষম্য রুখতে ট্রাভেল এজেন্সির এয়ার লাইন্সের মূল্যের চেয়ে কম মূল্যে টিকেটের ভাড়া প্রদর্শন, বিজ্ঞাপন, বিক্রয় ও বিপণন করতে না পারে সে ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা প্রদান।

৮. নিবন্ধন বিহীন ভুয়া এজেন্সিদের অবৈধভাবে ব্যবসা পরিচালনা, এয়ার টিকেট ও ভ্রমণ সংক্রান্ত সেবা বিক্রয় বন্ধ করার ব্যবস্থা গ্রহণ।

৯. লাইসেন্স বিহীন কোন ট্রাভেল এজেন্ট, ট্যুর অপারেটর অথবা কোন প্রতিষ্ঠানকে ব্যবসা করার জন্য অনলাইন ট্রাভেল এজেন্সি (ওটিএ) যাতে লগইন আইডি প্রদান না করে সে মর্মে নির্দেশনা প্রদান ও মনিটরিং করা।

-B